



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএভআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোফাজ্জল হোসেন-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সাজনপুর বালিকা উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব মোফাজ্জল হোসেন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোফাজ্জল হোসেন-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- (১) অভিযুক্ত প্রধান শিক্ষক বিদ্যালয়ের এস/এ থেকে চেক জালিয়াতি করে ৯৪,৪০০/- (চুরানব্বই হাজার চারশত) টাকা, (২) এফডিআর থেকে ১৮,৪৯২/- (আঠার হাজার চারশত বিরানব্বই) টাকা, (৩) ২০১৭ সালে সকল শিক্ষক-কর্মচারীদের এক এমপিও'র ২,৬৮,০০০/- (দুই লক্ষ আটষট্টি হাজার) টাকা আত্মসাত করেন, (৪) উপরোক্ত কারণে ১০/০৬/২০১৮ তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়, জবাব দেননি। পুনরায় ০৪/০৭/২০১৯ তারিখে কারণ দর্শানো নোটিশের প্রমান ব্যতীত জবাব, (৫) বিনা অনুমতিতে ২ (দুই) মাস কর্মস্থলে অনুপস্থিত ইত্যাদি অভিযোগের কারণে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। উক্ত অভিযোগ ও দাখিলকৃত প্রামাণ্য পত্রাদি যথাযথ না হওয়ায় বিস্তারিত পর্যালোচনার পর আপীল এন্ড আরবিট্রেশন কমিটি ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন করেনি।

২। এমতাবস্থায়, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোফাজ্জল হোসেন-কে স্বপদে পুনর্বহাল করা হলো এবং পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রাপ্য বকেয়া পরিশোধ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি

সাজনপুর বালিকা উচ্চ বিদ্যালয়

পোঃ- সাজনপুর, উপজেলা- ভেদরগঞ্জ


জেলা- শরীয়তপুর।

মেমো নং- ১২৩৭ (১৬)

তারিখ : ২০/১১/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, শরীয়তপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সাজনপুর বালিকা উচ্চ বিদ্যালয়।
- ৮। মোফাজ্জল হোসেন, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), সাজনপুর বালিকা উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা


২০/১১/১৯